দৈনিক ইত্তেফাক

তারিখ 14 DEC 1997
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

115

# ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে বিএনপি ও জামায়াত সমর্থক শিক্ষকদের জয়

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। গতকাল (বুধবার) ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বার্ষিক নির্বাচনে বিএনপি সমর্থিত শিক্ষকদের 'সাদা দল' সংখ্যা গরিষ্ঠতা লাভ করিয়াছেন। আওয়ামী লীগ সমর্থক শিক্ষকদের শাপলা দল, কোন পদ পায় নাই। সমিতির ১৫টি কার্যনির্বাহী পদের মধ্যে সভাপতিসহ ৮টি পদে বিএনপি সমর্থিত শিক্ষকদের 'সাদা দল' এবং সাধারণ সম্পাদক সহ ৭টি পদে জামায়াত সমর্থক শিক্ষকদের "সবুজ" দলের প্রার্থী জয়ী হইয়াছেন। সাদা দলের বিজয়ীরা হইলেন সভাপতি পদে শিক্ষক সমিতির বর্তমান সহসভাপতি ডঃ মোশাররফ হোসেন, সহসভাপতি মোঃ আবুল কালাম আজাদ, যুগ্ম-সম্পাদক কে,এম মতিয়ুর রহমান, কোষাধ্যক্ষ মোহাম্মদ মোস্তফা কামাল এবং সদস্য পদে চারজন যথাক্রমে তোজাম্মেল হোসেন, আবদুল অদুদ, মমতাজুল ইসলাম ও রইছ উদ্দিন।

'সবুজ দল' হইতে সাধারণ সম্পাদক পদে ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক সরোয়ার জাহান পুন:নির্বাচিত এবং ছয়জন সদস্য পদে যথাক্রমে আবুল কালাম পাটওয়ারী, এ, কে, এম নুরুল আলম, আ,সা,ম আবদুল মান্নান চৌধুরী, শহীদ মুহাম্মদ রেজওয়ান, মোঃ সেকান্দার আলী ও মোঃ আবুসিনা নির্বাচিত হইয়াছেন।